

আল-কাসাস | Al-Qasas | الْقَصَصُ

আয়াতঃ ২৮ : ৪৯

আরবি মূল আয়াত:

قُلْ فَأُتُوا بِكِتَبٍ مِّنْ عِنْدِ اللَّهِ هُوَ أَهْدِي مِنْهُمَا أَتَّبِعُهُ إِنْ كُنْتُمْ صَدِيقِينَ

(৪৯)

A | ✎ অনুবাদসমূহ:

বল, ‘তাহলে তোমরা আল্লাহর কাছ থেকে এমন একটি কিতাব নিয়ে আস যা এ দু’টো কিতাব থেকে উৎকৃষ্ট; আমি তারই অনুসরণ করব, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক’। — আল-বায়ান

বল, তোমরা যদি সত্যবাদী হও তবে আল্লাহর নিকট হতে এমন কিতাব নিয়ে এসো যা সত্যপথ নির্দেশ করার ব্যাপারে এ দু’ (কিতাব) হতে অধিক উৎকৃষ্ট, আমি সে কিতাবের অনুসরণ করব। — তাইসিরঞ্জ

বলঃ তোমরা সত্যবাদী হলে আল্লাহর নিকট হতে এক কিতাব আনয়ন কর, যে পথ নির্দেশ এতদুভয় হতে উৎকৃষ্টতর হবে, আমি সেই কিতাব অনুসরণ করব। — মুজিবুর রহমান

Say, "Then bring a scripture from Allah which is more guiding than either of them that I may follow it, if you should be truthful." — Sahih International

৪৯. বলুন, তোমরা সত্যবাদী হলে আল্লাহর কাছ থেকে এক কিতাব নিয়ে আস, যা পথনির্দেশে এ দুটি থেকে উৎকৃষ্ট হবে; আমি সে কিতাব অনুসরণ করব।

-

তাফসীরে জাকারিয়া

(৪৯) বল, ‘তোমরা সত্যবাদী হলে আল্লাহর নিকট হতে এক গ্রন্থ আনয়ন কর যা পথনির্দেশে এ দু’টি হতে উৎকৃষ্ট হবে; আমি সে গ্রন্থ অনুসরণ করব।’ [1]

[1] যদি তোমরা নিজেদের দাবীতে সত্যবাদী হও যে, কুরআন ও তাওরাত উভয়ই যাদু, তাহলে তোমরা অন্য এক আল্লাহ প্রদত্ত গ্রন্থ পেশ কর; যা উক্ত উভয়ের তুলনায় বেশি সুপথ-নির্দেশক, আমি তার অনুসরণ করব। কারণ, আমি তো সুপথের অনুসন্ধানকারী ও অনুসরণকারী।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3301>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন